অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/19/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ক্রান্তীয় ঝড় ইসাইয়াসে সাড়া না দেওয়ায় গভর্নর কুওমো ইউটিলিটি কোম্পানিগুলোর বিরুদ্ধে অবিলম্বে সংশোধনী পদক্ষেপ নেওয়ার কথা ঘোষণা করেছেন

বৈদ্যুতিক কোম্পানিগুলো কঠোর জরিমানা এবং ফ্র্যাঞ্চাইজি বাতিলের সম্মুখীন

প্রাথমিক ফলাফল ঝড়ের সময়ে অপর্যাপ্ত কর্মীর ব্যবস্থা, জনগণের কাছে বিপর্যয় সম্পর্কে সঠিক তথ্য জানাতে ব্যর্থতা এবং প্রযুক্তির বিকলতা সহ তাৎক্ষণিক সংশোধনের প্রয়োজনীয় ক্ষেত্রগুলি নজরে আনে

PSEG-LI প্রণোদনা ক্ষতিপূরণ বাবদ প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলার হারাবে

ডিপার্টমেন্ট অফ ফিনান্সিয়াল সার্ভিসেস চলমান তদন্তে সহায়তা করার জন্য পাবলিক সার্ভিস বিভাগের সাথে কাজ করবে

গভর্নর কুওমো ফ্র্যাঞ্চাইজি প্রত্যাহার প্রক্রিয়া ত্বরান্বিত এবং স্পষ্ট করার জন্য আইন প্রস্তাব করবেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (Department of Public Service, DPS) ক্রান্তীয় ঝড় ইসাইয়া সম্পর্কিত ইউটিলিটি প্রস্তুতি এবং পুনরুদ্ধার প্রচেষ্টার রেকর্ড সময়ে তাঁর তদন্তের প্রথম পর্যায় সম্পন্ন করেছেন। এর ফলে ডিপার্টমেন্ট চারটি বৈদ্যুতিক সেবা প্রদানকারীকে- কন এডিসন (Con Edison), অরেঞ্জ অ্যান্ড রকল্যান্ড (Orange & Rockland), পাবলিক সার্ভিস এন্টারপ্রাইজ গ্রুপ লং আইল্যান্ড (Public Service Enterprise Group Long Island, PSEG LI) এবং সেন্ট্রাল হাডসন (Central Hudson)-এবং টেলিফোন, কেবল এবং ইন্টারনেট সরবরাহকারী আল্টিস-অপটিমাম (Altice-Optimum) স্পষ্ট লঙ্ঘনের নোটিশ পাঠিয়েছে-যে তারা এখন কঠোর শাস্তির সম্মুখীন হবে এবং অবিলম্বে সংশোধনী ব্যবস্থা নিতে হবে যাতে হ্যারিকেন মৌসুমের বাকি সময়ে একই ধরনের ব্যর্থতার পুনরাবৃত্তি না হয়। এই প্রথম DPS আপাতদৃষ্টিতে লঙ্ঘনের নোটিশ দিয়ে তদন্ত প্রক্রিয়ার নেতৃত্ব দিচ্ছে, এবং তারা তদন্ত প্রক্রিয়াকে স্বাভাবিক 12 থেকে 24 মাস থেকে মাত্র 6 মাস পর্যন্ত কমিয়ে এনেছে।

DPS এখনো কন এডিসন এবং অরেঞ্জ এবং রকল্যান্ডের জন্য ফ্র্যাঞ্চইজি বাতিলের পাশাপাশি লিপার (Long Island Power Authority, LIPA) সাথে PSEG-LI এর চুক্তি বাতিল করার হুমকি দিচ্ছে যদি তদন্ত এটিকে যথাযথ মনে করে। গভর্নর কুওমো ডিপার্টমেন্ট অফ ফিনান্সিয়াল সার্ভিসেসকে নির্দেশ দিয়েছেন, যার ব্যাপক অনুসন্ধানী ক্ষমতা রয়েছে, এই সব ইউটিলিটিগুলোর পর্যালোচনা

বাড়ানোর জন্য DPS এর সাথে কাজ করতে এবং তাদের দায়বদ্ধজবাবদিহি করার জন্য। গভর্নর কুওমো ফ্র্যাঞ্চাইজি বাতিলের প্রক্রিয়া ত্বরান্বিত এবং ব্যাখ্যা করার জন্য আইনের প্রস্তাব করবেন। এটি সাবস্টেশন, কেবল এবং ট্রাকের মত সম্পত্তির মালিকানা এবং হস্তান্তর সহ প্রশ্নের উত্তর দেবে, যাতে কোন নতুন পরিচালক দখল নেওয়ার ক্ষেত্রে তাদের অর্থ প্রদান করতে না হয়।

"বৈদ্যুতিক ইউটিলিটি দ্বারা ক্রান্তীয় ঝড় ইসাইয়াসের প্রতিক্রিয়া একেবারেই গ্রহণযোগ্য ছিল না। পনেরো দিন পরে আমরা এখনো পরিবার এবং ব্যবসায়ীদের কাছ থেকে অভিযোগ শুনছি," **গভর্নর কুওমো বলেন।** "হ্যারিকেনের মৌসুমে অনেক সপ্তাহ বাকি থাকায়, আমাদের সময়ের বিলাসিতা নেই - তাদের ভাঙ্গা ঝড়ের প্রতিক্রিয়ার যন্ত্রপাতি ঠিক করার জন্য ইউটিলিটিগুলিকে অবিলম্বে পদক্ষেপ নিতে হবে, এবং ইউটিলিটিগুলিকে দায়বদ্ধ করার জন্য পাবলিক সার্ভিস বিভাগকে আরো দ্রুত পদক্ষেপ নিতে হবে। DFS এই তদন্তে DPS কে সাহায্য করবে কারণ আমি অতীতে তারা যা করেছে তার চেয়ে দ্রুত এবং আরো পুঙ্খানুপুঙ্খ তদন্ত চাই। আমি একটি ইউটিলিটির জন্য তার ফ্র্যাঞ্চাইজি হারানোর প্রক্রিয়া সুগম করতে, ত্বরান্বিত এবং স্পষ্ট করার জন্য আইন প্রণয়নের প্রস্তাবও করতে যাচ্ছি। এই ইউটিলিটি কোম্পানিগুলো ভবিষ্যদ্বাণী করে কখন আমরা ঝড়ের সম্মুখীন হব এবং কখন আমাদের জরুরী অবস্থা হবে - এটাই ব্যবসার শৈল্পিক আকার এবং সেই জিনিষ যার জন্য আমরা অর্থ প্রদান করি। তাদের আরো ভালো করতে হবে এবং আমরা তাদের দায়বদ্ধ করছি।"

নির্দিষ্টভাবে, DPS কন এডিসন এবং অরেঞ্জ এন্ড রকল্যান্ডকে ভুল যোগাযোগ, ওয়েবসাইটের সমস্যা এবং অপর্যাপ্ত প্রি-স্টেজিঙ্গের জন্য দোষারোপ করেন; PSEG LI-কে দোষারোপ করা হয় তার আউটেজ ম্যানেজমেন্ট সিস্টেমের ব্যর্থতার জন্য, ভুল যোগাযোগ এবং তার কল সেন্টারের সমস্যার জন্য; এবং সেন্ট্রাল হাডসনকে তার ব্যাক-আপ ডাটা সেন্টারে অপর্যাপ্ত যোগাযোগ ক্ষমতার জন্য দোষারোপ করা হয়, যার ফলে তাদের ওয়েবসাইট গ্রাহকদের কাছে অনুপলভ্য হয়ে পড়ে। আল্টিস-অপটিমাম আপাতদৃষ্টিতে জেনারেটর নিয়োগ এবং যোগাযোগ প্রোটোকল সম্পর্কিত জরুরী পরিকল্পনা অনুসরণ করেনি, অন্যান্য ব্যর্থতার মধ্যে।

DPS প্রথম পদক্ষেপ হিসেবে প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলার ক্ষতিপূরণ বাজেয়াপ্ত করার জন্য এবং ব্যাপক বিপর্যয়ের ফলে খাদ্য ও ঔষধ হারানো পরিবার এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের ক্ষতিপূরণ প্রদানের জন্য এই অর্থ ব্যবহার করতে PSEG LI-এর প্রতি আহ্বান জানিয়েছে এবং PSEG LI তা করতে সম্মত হয়েছে।

ক্রান্তীয় ঝড় ইসাইয়াসের কারণে নিউ ইয়র্ক রাজ্যে সর্বোচ্চ বিদ্যুৎ বিভ্রাট প্রায় 920,000 গ্রাহকের কাছে পৌঁছেছে এবং নিউ ইয়র্কের প্রায় 13 লক্ষ গ্রাহক এই ঝড়ের সময় বিদ্যুৎ বিভ্রাটের সম্মুখীন হয়েছেন।

রাজ্য ইউটিলিটিগুলিকে বেশ কিছু সংশোধনী পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিচ্ছে, যার মধ্যে রয়েছে:

- নিউ ইয়র্কের বাইরে অবস্থিত ব্যক্তিগত ঠিকাদার বা ইউটিলিটি থেকে কর্মী ক্ষমতা বৃদ্ধি করুনক্রু-এর ক্ষমতা যোগ করুন, যার লক্ষ্য হচ্ছে ঝড়ের আগে অভ্যন্তরীণ লাইনম্যান এবং গাছের কর্মীদের স্তর দ্বিগুণ করা;

- সকল কমান্ড সেন্টার, কল সেন্টার এবং ব্যাক-আপ কমান্ড সেন্টারে পরীক্ষা করার ক্ষমতা যা তাদের পরিষেবার এলাকায় 90 শতাংশ বা তার বেশী গ্রাহককে প্রভাবিত করে এবং 10 দিনের মধ্যে এই পরীক্ষার ফলাফল সম্পর্কে বিভাগকে নিশ্চিতভাবে অবগত করে;
- প্রতিটি কাউন্টির জন্য নিজস্বকৃত পৌরসভার সাথে সমন্বয়কারী পরিকল্পনা পরিমার্জিত করা (রাস্তা পরিষ্কার, স্থানীয় যোগাযোগ ইত্যাদি) এবং প্রতিটি কাউন্টির এমার্জেন্সি অপারেশন সেন্টার থেকে লিখিতভাবে একটি নিশ্চিতকরণ প্রদান করে বিভাগকে 20 দিনের মধ্যে এই মর্মে যে তারা পরিকল্পনাটি বোঝেন এবং গ্রহণ করেন; এবং
- ক্রান্তীয় ঝড় ইসাইয়াসের সময় চিহ্নিত গ্রাহকদের অপসারণ বা যুক্ত করতে লাইফ সাপোর্ট সরঞ্জাম এবং জটিল অবকাঠামো তালিকাগুলি হালনাগাদ করা এবং 10 দিনের মধ্যে বিভাগে এই ধরনের হালনাগাদকৃত তালিকা দাখিল করা।

ডিপার্টমেন্ট নিম্ন হাডসন উপত্যকা এবং লং আইল্যান্ডে আল্টিস-অপটিমাম ঝড়ের প্রতিক্রিয়া সম্পর্কিত বেশ কিছু সম্ভাব্য লঙ্ঘন চিহ্নিত করেছে, যার মধ্যে রয়েছে স্থানীয় কর্মকর্তাদের সাথে জরুরী প্রতিক্রিয়া সমন্বয় করতে ব্যর্থতা, যোগাযোগ ব্যর্থতা এবং তাদের নেটওয়ার্কের জন্য অপর্যাপ্ত জেনারেটর ক্ষমতা। ডিপার্টমেন্টের চিঠিতে দাবি করা হয়েছে যে আল্টিস-অপটিমাম অবিলম্বে এই বিষয়গুলোর প্রতিকার করুক এবং বিজ্ঞপ্তি প্রদান করে যে তদন্তে একটি পর্যালোচনা করা হবে যে সংস্থাটি কেবলভিশন (Cablevision) অধিগ্রহণের অনুমোদন কমিশনের 2016 সালের আদেশ লঙ্ঘন করছে কিনা।

উল্লিখিত ইউটিলিটি এবং আল্টিস-অপটিমামকে লঙ্ঘনের নোটিশ পাঠানোর সাথে, ডিপার্টমেন্ট এছাড়াও রাজ্যের অন্যান্য প্রধান বৈদ্যুতিক ইউটিলিটি — নিউ ইয়র্ক স্টেট ইলেক্ট্রিক এন্ড গ্যাস (New York State Electric and Gas, NYSEG), ন্যাশনাল গ্রিড (National Grid), এবং রচেস্টার গ্যাস এন্ড ইলেক্ট্রিক (Rochester Gas and Electric, RG&E) — অবিলম্বে সঙ্কটের সময় মোতায়েন করার জন্য সম্পূরক কর্মীদের ব্যবস্থা করতে, ইউটিলিটির কমান্ড সেন্টার, ব্যাক-আপ কমান্ড সেন্টার এবং কল সেন্টারের ক্ষমতা পরীক্ষা করার জন্য যাতে একটি বড় ঘটনা সামলানো যায় (90 শতাংশের বেশি গ্রাহক প্রভাবিত) তাদের পরিষেবার ক্ষেত্রে; এবং প্রতিটি কাউন্টি এমার্জেন্সি অপারেশন সেন্টারের সাথে সড়ক পরিষ্কার এবং যোগাযোগ পরিকল্পনা দাখিল করা, গ্রাহকদের তালিকা আপডেট করা যারা তাদের বাড়িতে জীবন বাঁচানোর সরঞ্জাম ব্যবহার করেন, এবং জটিল অবকাঠামো তালিকা হালনাগাদ করা।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন